গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নম্বর-০৭.০৪.০০০০.০০১.২২.০০১.২৪-১৫৪

তারিখ: ০২ বৈশাখ ১৪৩৩ / ১৫ এপ্রিল ২০২৬

**বিষয়: জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের পদমর্যাদা নির্ধারণ।**

জাতীয় পেনশন কর্তৃপক্ষ আইন ২০২৩ জাতীয় সংসদে অনুমোদিত হওয়ার পর ২০২৩ সালের আগস্ট মাসে জাতীয় পেনশন কর্তৃপক্ষের কার্যক্রম শুরু হয়। উক্ত আইনের ধারা-৬(১) এ উল্লেখ রয়েছে যে, একজন নির্বাহী চেয়ারম্যান ও চারজন সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষ গঠিত হবে। তাছাড়া ধারা ৬(২) এ উল্লেখ রয়েছে যে, নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হবেন এবং তাঁদের চাকরির মেয়াদ ও শর্ত বিধি দ্বারা নির্ধারিত হবে। উল্লেখ্য, ১৮ মে ২০২৩ তারিখে সরকার কর্তৃক "জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের চাকরি বিধিমালা, ২০২৩" জারী করা হয়েছে। উক্ত বিধিমালার বিধি ৭(১) অনুযায়ী সরকার কর্তৃক জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের পদমর্যাদা নির্ধারণ করার কথা। এ প্রসঙ্গে আরও উল্লেখ্য যে, জাতীয় পেনশন কর্তৃপক্ষ আইন ২০২৩ এর ধারা ২ (১৪) এ প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী সরকার অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ।

২। বর্তমানে জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের চাকরি বিধিমালা, ২০২৩ এর বিধি-৬ অনুযায়ী সরকার কর্তৃক চুক্তিভিত্তিতে নিয়োগকৃত একজন নির্বাহী চেয়ারম্যান ও একজন সদস্য জাতীয় পেনশন কর্তৃপক্ষে কর্মরত রয়েছেন। কিন্তু জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ও সদস্যদের পদমর্যাদা এখনও নির্ধারণ না করায় তাঁরা তাঁদের দায়িত্ব পালনের ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হচ্ছেন। জাতীয় পেনশন কর্তৃপক্ষের সদস্য পদেও অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব বা গ্রেড-১ পর্যায়ের কর্মকর্তারা দায়িত্ব পালন করেন। জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান পদে সাধারণত সিনিয়র ব্যাচের কর্মকর্তারা দায়িত্ব পালন করেন তাঁদের জুনিয়াররা বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব ও পেনশন পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ করতে হয়।

৩। সার্বিক বিবেচনায় সুষ্ঠুভাবে সর্বজনীন পেনশন স্কীম কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যানকে সচিব ও সদস্যগণকে গ্রেড-১ পদমর্যাদা প্রদান করা একান্ত প্রয়োজন। উল্লেখ্য জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান হিসেবে ড. মোঃ সুরাতুজ্জামান ও সদস্য হিসেবে শেখ কামরুল হাসান গত ০৯ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখে যোগদান করেছেন। নির্বাহী চেয়ারম্যান ড. মোঃ সুরাতুজ্জামান সাবেক মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সহকারী একান্ত সচিব (এপিএস) হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেছিলেন। বর্তমানে জাতীয় পেনশন কর্তৃপক্ষে তিনটি সদস্য পদ খালি রয়েছে। উল্লেখ্য যে, গত ১১/০৮/২০২৫ খ্রি. তারিখে জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের পদমর্যাদা নির্ধারণের বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। এ পদমর্যাদা প্রদান করা হলে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।

৪। এমতাবস্থায়, জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের চাকরি বিধিমালা, ২০২৩ এর বিধি-৭(১) অনুযায়ী কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ড. মোঃ সুরাতুজ্জামান'কে সচিব ও সদস্যগণকে গ্রেড-১ পদমর্যাদা নির্ধারণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

১৫.০৪.২০২৬

**(ড. মোঃ সুরাতুজ্জামান)**
নির্বাহী চেয়ারম্যান

**সচিব**
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।